# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান— ৭০

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : ১ ৫ ০

### সৃজনশীল প্রশ্ন

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** ১৯৭২ সালের ১০ এপ্রিল গণপরিষদে বাংলাদেশের সর্বোচ্চ দলিল তৈরির জন্য ৩৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়। ন্যাপের সুরঞ্জিত সেনগুপ্ত উক্ত কমিটির সদস্য ছিলেন। এই কমিটি মাত্র দশ মাসে এ দলিলটি বাংলাদেশকে উপহার দিতে সক্ষম হয়।

ক. বঙ্গবন্ধুর অনুপস্থিতিতে কে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন? ১
খ. 'জাতীয় শিশু নীতি—২০১১' এর ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দলিলটির বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩
ঘ. উক্ত দলিলে বাঙালি জাতির আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটে— বিশ্লেষণ কর। ৪

**২.▶**

| | ক-স্থান | খ-স্থান |
|---|---|---|
| সময় | রাত—১০.০০টা | ভোর—৫.৩০টা |
| দ্রাঘিমা | ৯০° | ? |
| বার | শনিবার | রবিবার |

ক. ভূ-অভ্যন্তরের কোন স্তরের প্রকৃতির উপর পৃথিবীর চুম্বকত্ব অনেকাংশে নির্ভর করে? ১
খ. চিত্রসহ মরাকটাল বর্ণনা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানের দ্রাঘিমা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের স্থান দুইটিতে দিনের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com


**৩.▶** ২৪ জুলাই ২০১৬ রাত আনুমানিক ৯.০০ টায় কুমিল্লাসহ সারা দেশে ৬.৮ মাত্রায় প্রচণ্ড ভূ-কম্পন অনুভূত হয়। উক্ত প্রাকৃতিক দুর্যোগটিতে মায়ানমারের ৪ জন মারা যায় ও বহু পেগোডা ধ্বংস হয়।

ক. কোন ঋতুতে বাংলাদেশের উত্তর অপেক্ষা দক্ষিণ দিকে তাপমাত্রা ক্রমান্বয়ে বেশি থাকে? ১
খ. বরিশালের ভূমির গঠন ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনার কারণ বর্ণনা কর। ৩
ঘ. কীভাবে উক্ত প্রাকৃতিক দুর্যোগের কবল থেকে জানমালের ক্ষয়ক্ষতি কমানো যায়? বিশ্লেষণ কর। ৪

**৪.▶** রহিম মাঝি বাংলাদেশের একটি বিখ্যাত নদীতে নৌকা চালিয়ে জীবিকা নির্বাহ করে। উক্ত নদীতে বাংলাদেশের জাতীয় মাছ পাওয়া যায়। নদীটি রাজশাহী শহরের পাশ দিয়ে বাংলাদেশে প্রবেশ করেছে।

ক. বাংলাদেশের মোট গরান বনভূমির পরিমাণ কত? ১
খ. চিরহরিৎ বনভূমির ব্যাখ্যা দাও। ২
গ. রহিম মাঝি যে নদীতে নৌকা চালায় তার গতিপথের বর্ণনা দাও। ৩
ঘ. বাংলাদেশের ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে উক্ত সম্পদের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৫. ▶




ক. সংসদীয় সরকার ব্যবস্থায় কার নামে সকল কাজ পরিচালিত হয়? ১
খ. ইউনিয়ন পরিষদের ঐচ্ছিক কার্যাবলির ব্যাখ্যা দাও। ২
গ. 'খ' ব্যক্তির পদ-সোপানের বর্ণনা দাও। ৩
ঘ. 'ক' ও 'খ' ব্যক্তির কাজের তুলনামূলক চিত্র বিশ্লেষণ কর। ৪

৬. ▶ মির্জা সাহেব এক কোটি টাকায় গ্রামের রাস্তার পাশে ২৫ একর জমি ক্রয় করে তাতে গার্মেন্ট ফ্যাক্টরি স্থাপন করেন এবং ২০০০ জন কর্মকর্তা ও কর্মচারী দিনরাত কাজ করে। উক্ত ফ্যাক্টরি হতে তিনি প্রচুর মুনাফা পান।

ক. বিনিয়োগ কী? ১
খ. জাতীয় সম্পদের ব্যাখ্যা দাও। ২
গ. উক্ত উৎপাদন ব্যবস্থায় মির্জা সাহেব উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? বর্ণনা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতিতে উক্ত শিল্পটির অবদান বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৭. ▶

| দেশ | অর্থনৈতিক বৈশিষ্ট্য |
|---|---|
| ক | মাথাপিছু আয়—২০,৫০০ ডলার, বেকারত্ব নেই, নতুন নতুন প্রযুক্তি উদ্ভাবিত হয়। |
| খ | মাথাপিছু আয় ৮৫০ ডলার, দারিদ্র্যের দুষ্টচক্রের কারণে বেকারত্ব বিদ্যমান, ধার করা প্রযুক্তি ব্যবহার করে। |

ক. সেবা বলতে কী বোঝায়? ১
খ. ব্যক্তির জীবনযাত্রার মান নির্ধারকটির ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে 'খ' দেশ বিশ্বে আয়ভিত্তিক কোন শ্রেণিস্তরে অবস্থিত? বর্ণনা কর। ৩
ঘ. উক্ত 'খ' দেশকে 'ক' দেশের আয়ভিত্তিক স্তরে উন্নীত করতে হলে কী কী বাধা অতিক্রম করতে হবে? বিশ্লেষণ কর। ৪

৮. ▶ বাংলাদেশ সরকার যুগান্তকারী পদক্ষেপ হিসেবে পদ্মা নদীর ওপর কয়েক হাজার কোটি টাকায় 'পদ্মা সেতু প্রকল্প' হাতে নেয়। তা বাস্তবায়নের জন্য উচ্চ বেতনে বিদেশি কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ করে। উক্ত প্রকল্প বাস্তবায়িত হলে দেশের দক্ষিণাঞ্চলের সাথে সড়ক ও রেল যোগাযোগে অভাবনীয় সাফল্য আসবে।

ক. কোন ধরনের আমানতে মুনাফার হার সবচেয়ে কম? ১
খ. স্থায়ী আমানত বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রকল্পে ব্যয়িত অর্থের যোগানের উৎসের বর্ণনা দাও। ৩
ঘ. দেশের অর্থনৈতিক উন্নয়নে উক্ত প্রকল্প সহায়ক? তোমার মতামত দাও। ৪

**৯.▶** ঈদের ছুটিতে মি. মিরাজ স্বপরিবারে গ্রামের বাড়ির উদ্দেশ্যে যাত্রা করেন। বেপোরোয়া গতিতে গাড়ি চালানোর ফলে তারা দুর্ঘটনায় পড়েন। তার বড় মেয়ে মারাত্মক আঘাত পাওয়ায় প্রচুর রক্তক্ষরণ হয়। ডাক্তার পরীক্ষা ছাড়াই দ্রুত তাঁর মেয়ের শরীরে রক্ত প্রদান করে। প্রায় এক বছর পর মেয়ের রক্তে HIV ধরা পড়ে।

ক. দুর্নীতি কী? ১
খ. জঙ্গিবাদ ধারণাটির ব্যাখ্যা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রথম সামাজিক সমস্যার কারণ বর্ণনা কর। ৩
ঘ. শেষোক্ত সামাজিক সমস্যাটি প্রতিরোধে বাংলাদেশের প্রেক্ষাপট আলোচনা কর। ৪

**১০.▶**




ক. অধ্যাপক হল্যান্ডের আইনের সংজ্ঞাটি লিখ। ১
খ. সুশাসনের জন্য আইনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত প্রতিষ্ঠানটির অপরিহার্য কাজের বর্ণনা দাও। ৩
ঘ. জনগণের সার্বিক কল্যাণ সাধনই উক্ত প্রতিষ্ঠানটির উদ্দেশ্য— বিশ্লেষণ কর। ৪

**১১.▶** পাকিস্তানের শাসনামলের একটি নির্বাচনে পূর্ব পাকিস্তানের ৩ কোটি ২২ লাখ ভোটার ভোট দেয়। ঐ নির্বাচনে পূর্ব পাকিস্তানের জন্য নির্ধারিত ১৬৯টি আসনের মধ্যে ১৬৭টি আসন লাভ করে। আওয়ামী লীগ সরকার গঠনের পক্ষে গণরায় পায়।

ক. 'স্মৃতির মিনার' কবিতাটি কে রচনা করেন? ১
খ. ঐতিহাসিক ৬ দফার গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত নির্বাচনের বর্ণনা দাও। ৩
ঘ. স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের পিছনে উক্ত নির্বাচনের গুরুত্ব অপরিসীম— তোমার মতামত দাও। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ০

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. ২১ ফেব্রুয়ারি ছাত্র হত্যার প্রতিবাদে কে স্মৃতির মিনার কবিতাটি রচনা করেন?**
ক) মাহবুবুল আলম
খ) আলাউদ্দিন আল আজাদ
গ) আব্দুল লতিফ ঘ) ডা. মুনির চৌধুরী

**২. ১৯৬৬ সালে পাকিস্তান প্রশাসনে দেশরক্ষায় বাঙালিদের পরিমান ছিল—**
ক) ৮.১% খ) ১৯%
গ) ২০.১% ঘ) ২১%

**৩. ১৯৭০ সালের নির্বাচনে জনগণ—**
i. ৬ দফার প্রতি অকুণ্ঠ সমর্থন দান করে
ii. ১১ দফার প্রতি অকুণ্ঠ সমর্থন দান করে
iii. সকল ক্ষমতার উৎস তা প্রমাণ করে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

**৪.** চরম পত্র → জল্লাদের দরবার → ?
**প্রশ্ন চিহ্নিত স্থানে কী বসবে?**
ক) একটি সংবাদপত্র
খ) এক ধরনের আন্দোলন
গ) ভাষা আন্দোলনের জনপ্রিয় অনুষ্ঠান
ঘ) মুক্তিযুদ্ধের জনপ্রিয় অনুষ্ঠান

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
'ক' বৃটেনে মুক্তিযুদ্ধের জন্য অর্থ সংগ্রহ করতেন, বাংলাদেশের পক্ষে সমর্থন আদায়ে বিভিন্ন সংস্থায় যাতায়াত করতেন।

**৫. মুক্তিযুদ্ধে 'ক' কাদের প্রতিনিধিত্ব করেছেন?**
ক) প্রবাসী বাঙালী খ) পেশাজীবীর
গ) রাজনৈতিক দলের
ঘ) জনসাধারণের

**৬. উক্ত গোষ্ঠি মুক্তিযুদ্ধে নিরলসভাবে কাজ করেছে—**
ক) মুক্তিযোদ্ধাদের সাহস যোগাতে
খ) শরণার্থীদের উৎসাহ প্রদান করতে
গ) জনমত গঠনে
ঘ) জনগণকে শত্রুর বিরোধে দুর্দমনীয় করতে

**৭. ভাটার স্রোতকে কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন করা হয়—**
i. ফ্রান্সের লারান্স বিদ্যুৎ কেন্দ্রে
ii. বাংলাদেশের কাপ্তই জলবিদ্যুৎ কেন্দ্রে
iii. ভারতের বাঙালা বন্দরে
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**৮. পৃথিবীর নিকটতম গ্রহণ কোনটি?**
ক) বুধ খ) শুক্র
গ) বৃহস্পতি ঘ) মঙ্গল

**৯. ভারতে মার্চ থেকে মে মাস পর্যন্ত কোন ঋতু?**
ক) শরৎকাল খ) হেমন্তকাল
গ) শীতকাল ঘ) গ্রীষ্মকাল

**১০. কোন অঞ্চলের মাটির রং ধুসর ও লাল বর্ণের?**
ক) সুন্দরবনের খ) লালমাই পাহাড়ের
গ) মধুপুর ও ভাওয়াল গড়ের
ঘ) বরেন্দ্রভূমির

**১১. বাংলাদেশের উষ্ণতম মাস কোনটি?**
ক) এপ্রিল খ) মে
গ) জুন ঘ) জুলাই

**১২. কাপ্তাই ও হালদা হচ্ছে একটি—**
ক) নদী খ) শাখা নদী
গ) উপনদী ঘ) খাল

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:**
তামিম গ্রীষ্মের ছুটিতে একটি বনাঞ্চলে বেড়াতে গিয়ে দেখল সেখানে প্রচুর কেওড়া, বায়েন ও গরান বৃক্ষ রয়েছে।

**১৩. তামিম কোন বনাঞ্চলে বেড়াতে গিয়েছিল?**
ক) রাতার গুলে খ) স্রোতজ বনভূমিতে
গ) পত্রপতনশীল অরণ্যে
ঘ) ক্রান্তিয় চিরহরিৎ বনভূমিতে

**১৪. এ বনভূমির আয়তন কত বর্গকিলোমিটার?**
ক) ১৪০০০ বর্গ কি.মি.
খ) ৫১৯২ বর্গ কি.মি.
গ) ৪১৯২ বর্গ কি.মি.
ঘ) ৪০০০ বর্গ কি.মি.

Teachingbd.com

১৫. পদ্মা নদীর উৎপত্তিস্থল—
ক) মানস সরোবরে
খ) গাঙ্গোত্রী হিমবাহে
গ) নাগা-মণিপুর অঞ্চলে
ঘ) লুসাই পাহাড়ে

১৬. কোন শব্দ থেকে নাগরিক শব্দটির উৎপত্তি হয়?
ক) Civics খ) Citizen
গ) Civis ঘ) Civilian

১৭. রাষ্ট্র কর্তৃক আরোপিত অধিকার এবং বাধ্যবাধকতা সমূহ আইন'— এ সংজ্ঞাটি প্রদান করেছেন—
ক) অধ্যাপক হল্যান্ড খ) টি.এইচ.গ্রীন
গ) উড্রো উইলসন ঘ) গার্নার

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও:
জাকির সাহেব একটি স্থানীয় সরকারের প্রধান। এর সদস্য সংখ্যা ১৩। একটি অনিয়মের কারণে ১০ সদস্যের অনাস্থা প্রস্তাবে তিনি পদচ্যুত হন।

১৮. জাকির সাহেব কোন স্থানীয় সরকারের প্রধান?
ক) জেলা পরিষদ খ) সিটি কর্পোরেশন
গ) উপজেলা পরিষদ ঘ) ইউনিয়ন পরিষদ

১৯. উক্ত সংস্থার বৈশিষ্ট্য হলো—
i. জনশৃঙ্খলা রক্ষা
ii. জনকল্যাণমূলক কাজ ও সেবা
iii. অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত পরিকল্পনা ও বাস্তবায়ন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) iii ঘ) i, ii ও iii

২০. পদসোপান অনুযায়ী তৃতীয় ধাপের প্রশাসনিক কর্মকর্তা কে?
ক) অতিরিক্ত সচিব খ) যুগ্মসচিব
গ) সচিব ঘ) উপসচিব

২১. অধিকাংশ মুসলিম রাষ্ট্রের আইন সভা কী নামে পরিচিত?
ক) পার্লামেন্ট খ) মজলিশ
গ) কংগ্রেস ঘ) জাতীয় সংসদ

২২. জনগণের সার্বভৌমত্বের স্বীকৃতি দেয় কে?
ক) নির্বাচন খ) জনগণ
গ) রাজনৈতিক দল ঘ) গণতন্ত্র

২৩. স্বাধীন বাংলাদেশে প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?
ক) ১৯৭২ খ) ১৯৭৩
গ) ১৯৭৪ ঘ) ১৯৭৫

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও:




২৪. প্রশ্ন চিহ্নিত স্থানে কী বসবে?
ক) জাতিসংঘ
খ) বাংলাদেশ
গ) জাতিসংঘ ও বাংলাদেশ
ঘ) জাতিপুঞ্জ

২৫. কোন অর্থনীতিতে ব্যক্তি বা বেসরকারি খাতের প্রাধান্য থাকে?
ক) ধনতান্ত্রিক খ) সমাজতান্ত্রিক
গ) ইসলামি ঘ) মিশ্র

২৬. বাংলাদেশে আয় বৈষম্য প্রকট কেন?
ক) অর্থনৈতিক খাত বেসরকারি নিয়ন্ত্রণে থাকায়
খ) গরিব বেশি বলে
গ) প্রাকৃতিক দুর্যোগের কারণে
ঘ) সরকারি নিয়ন্ত্রন থাকার কারণে

২৭. ২০১১—১২ অর্থবছরে শিল্পখাতের অবদান কত শতাংশ?
ক) ১৩.৫৮ খ) ১৪.৮০
গ) ২১.১০ ঘ) ৩১.১৩

২৮. একটি দেশে মাথাপিছু আয় ১২২৮০ মার্কিন ডলার। দেশটি কোন আয়ের দেশ?
ক) নিম্ন খ) নিম্ন মধ্য
গ) মধ্য ঘ) উচ্চ

২৯. 'ক' বিবাহের পর স্ত্রীকে নিয়ে পৃথক একটি বাড়িতে বাস করে। 'ক' এর পরিবার হচ্ছে—
ক) বর্ধিত খ) মাতৃবাস
গ) নয়াবাস ঘ) পিতৃবাস

৩০. বিজ্ঞানের প্রায়োগিক দিক কোনটি?
ক) শিক্ষা খ) প্রযুক্তি
গ) যোগাযোগ ঘ) শিল্পায়ন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | খ | ২ | ক | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | গ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | গ | ১৫ | খ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | ঘ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd.com